কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

**নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫**


স্মারক নং-১২.২০.০০০০.০০৪.০১৪.১৬.১১- ২৭৬৮ তারিখ: ১৭ /১১/২০২৩ খ্রি.

মহাপরিচালক
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর।

**বিষয়: GAP Protocol প্রস্তুতের নিমিত্ত উৎপাদন প্রযুক্তি প্রণয়ন ও মাঠ পর্যায়ে ভেলিডেশন প্রসঙ্গে।**

**সূত্রঃ** বাংলাদেশ উত্তম কৃষি চর্চা ২০২০ বাস্তবায়নের নিমিত্ত গঠিত স্টিয়ারিং কমিটি'র ৫ম সভা'র কার্যবিবরণী; তারিখ: ৩০/১০/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, Program on Agricultural and Rural Transformation for Nutrition, Entrepreneurship, and Resilience in Bangladesh (PARTNER) প্রকল্পের অর্থায়নে মাঠ পর্যায়ে GAP বাস্তবায়ন শুরু হতে যাচ্ছে। DLI-1 এর আওতায় ১৫টি ফসলের (১০টি সবজি ও ৫টি ফল) GAP Protocol প্রণয়নের নির্দেশনা থাকায় চলতি অর্থবছরে নিম্নোক্ত ছক মোতাবেক নির্বাচিত ফসলের GAP মানদন্ডের আলোকে উৎপাদন প্রযুক্তি প্রণয়নপূর্বক বিএআরসি ও ডিএই এর সহযোগিতায় মাঠ পর্যায়ে ভেলিডেশনের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, উৎপাদন প্রযুক্তি প্রণয়নের জন্য বাংলাদেশ GAP মানদন্ড (বিএআরসি'র ওয়েবসাইটে আপলোডকৃত) অনুসরণ করত: প্রতিটি ফসলের জন্য একজন উদ্যানতত্ত্ব, রোগতত্ত্ব, কীটতত্ত্ব বিষয়ের বিজ্ঞানী টিমে অন্তর্ভূক্ত করতে হবে।

| ক্র. নং | নাম | জেলা |
|---|---|---|
| | সবজি | |
| ১। | আলু | রংপুর |
| ২। | বরবটি | কুমিল্লা |
| ৩। | বেগুন | নরসিংদী |
| ৪। | বাধাকপি | বগুড়া |
| ৫। | লাউ | ঢাকা (ধামরাই) |
| ৬। | কাঁচাপেঁপে | পাবনা |
| ৭। | পটল | যশোর |
| | ফল | |
| ১। | আম | চাঁপাইনবাবগঞ্জ |
| ২। | কাঁঠাল | ময়মনসিংহ |
| ৩। | পেয়ারা | রাজশাহী |

এমতাবস্থায়, আগামী ২৬ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে উপরোক্ত ছক অনুযায়ী ফসলের উৎপাদন প্রযুক্তি প্রণয়ন, উপস্থাপন ও মাঠ পর্যায়ে ভেলিডেশন ট্রায়াল বাস্তবায়নের জন্য বিজ্ঞানী মনোনয়নপূর্বক (নাম, পদবী, মোবাইল ও ই-মেইল) বিএআরসিতে (md.crops@barc.gov.bd; zakiah@barc.gov.bd) প্রেরণের অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরি।

১৮/১১/২০২৩

(ড. শেখ মোহাম্মদ বখতিয়ার)
নির্বাহী চেয়ারম্যান

**অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। পরিচালক, কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
২। পরিচালক, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৩। জনাব মো. মিজানুর রহমান, প্রজেক্ট কো-অর্ডিনেটর, পার্টনার প্রকল্প, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
৪। ড. মোঃ আশরাফুল আলম, এজেন্সি প্রোগ্রাম ডাইরেক্টর, PARTNER প্রকল্প, এপিসিইউ-বিএআরসি, ফার্মগেট, ঢাকা।
৫। পরিচালক (কম্পিউটার ও জিআইএস) বিএআরসি, ফার্মগেট, ঢাকা (ওয়েবসাইটের বাংলাদেশ GAP এর বাস্তবায়িত অংশে আপলোডের অনুরোধসহ)।
৬। অফিস কপি।


ফোন: +৮৮-০২-৪১০২৫২৫২; ফ্যাক্স: + ৮৮-০২-২২২২৪২৬৪৭
ই-মেইল: ec.barc@barc.gov.bd, info@barc.gov.bd; ওয়েবসাইট: www.barc.gov.bd

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
নীতি-১ শাখা
www.moa.gov.bd

**"বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০" বাস্তবায়নে গঠিত স্টিয়ারিং কমিটির ৫ম সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব ওয়াহিদা আক্তার, সচিব, কৃষি মন্ত্রণালয়
সভার তারিখ ও সময় : ৩০ অক্টোবর ২০২৩ দুপুর ২.৩০ ঘটিকা

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে তিনি বলেন যে, বাংলাদেশের জনগণের প্রতিনিয়ত খাদ্যের চাহিদা পূরণে কৃষি মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এর পাশাপাশি বাণিজ্যিক কৃষির উত্তরণে জিডিপিতে কৃষি রপ্তানি একটি বড় ভূমিকা পালন করতে পারে। মাননীয় কৃষি মন্ত্রী এ বিষয়টি সবসময় গুরুত্বের সাথে বিবেচনা করেন। এ লক্ষ্যে বাংলাদেশ উত্তম কৃষিচর্চা নীতিমালা ২০২০ বাস্তবায়নে সময়াবদ্ধ কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ জরুরিভিত্তিতে অগ্রসর করা আবশ্যক। উদ্বৃত্ত ফল এবং সবজি বিশ্ব বাজারে ব্যাপক চাহিদা থাকা সত্ত্বেও GAP বাস্তবায়ন সম্পন্ন না হওয়া পর্যন্ত এ সুযোগ কাজে লাগানো যাচ্ছে না। এ পরিপ্রেক্ষিতে তিনি মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকল দপ্তর সংস্থা কর্মকর্তাদের একান্ত সহযোগিতা কামনা করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম উপস্থাপনের জন্য সদস্য-সচিবকে অনুরোধ জানান।

<u>০.২ আলোচ্যসূচি ১ : বিগত সভার কার্যবিবরণী অনুমোদন :</u>

০.২.১ সভাপতি মহোদয়ের অনুমোদনক্রমে ড. আবদুস ছালাম (কমিটির সদস্য-সচিব), বিএআরসি পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং বিগত সভার কার্যবিবরণীর উপর কোন সদস্যের মতামত পাওয়া যায়নি বিধায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি নিশ্চিত করা যেতে পারে মর্মে সভাকে জানান। তিনি আরও জানান যে, ৪র্থ GAP স্টিয়ারিং কমিটির ১০.১ নং সিদ্ধান্তমতে স্কিমওনার কর্তৃক সংশোধিত সার্টিফিকেশন মার্ক/লোগো কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে গত ২৮ মে ২৩ তারিখে মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ উত্তম কৃষি চর্চা (Bangladesh GAP) এর সার্টিফিকেশন মার্ক/লোগো অনুমোদিত হয়। এ অনুমোদনের প্রেক্ষিতে স্কিমওনার কর্তৃক গত ১২ জুন ২০২৩ বাংলাদেশ উত্তম কৃষি চর্চা (Bangladesh GAP) এর সার্টিফিকেশন মার্ক/লোগো সংরক্ষিত প্রতীক হিসেবে ব্যবহারের অনুমতি প্রদান করে পরিপত্র জারি করা হয়।

০.২.২ ৪র্থ GAP স্টিয়ারিং কমিটির ১০.২ নং সিদ্ধান্তমতে সভায় জানানো হয় যে, লোগো/ Mark ব্যবহারে নীতিমালায় নম্বর অন্তর্ভুক্তিসহ লোগো/Mark এর সংকোচন এবং বড় করার ক্ষেত্রে আনুপাতিক হার অনুসরণসহ ব্যবহারের নিয়মাবলি অমান্য করলে সংশ্লিষ্ট আইনের ধারা অনুযায়ী শাস্তির বিধানের উল্লেখ করে সংশোধন করে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় এবং কৃষি মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ উত্তম কৃষি চর্চা (Bangladesh GAP) এর সার্টিফিকেশন মার্কের সাথে নীতিমালা অনুমোদন করা হয়। পরবর্তীতে সার্টিফিকেশন মার্ক/ লোগো ট্রেডমার্ক রেজিস্ট্রেশনের জন্য আবেদনের শিল্প মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ GAP এর অনুমোদিত সার্টিফিকেশন মার্ক/লোগোর নীতিমালার প্রবিধি প্রণয়ন ও গেজেট নোটিফিকেশনের প্রস্তাব করা হয়। উক্ত বিষয়টি টেকনিক্যাল কমিটিতে উপস্থাপিত হলে কমিটি'র সিদ্ধান্ত মোতাবেক প্রবিধি প্রণয়নের নিমিত্ত ৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয় এবং উক্ত কমিটি কর্তৃক ২৩ অক্টোবর ২৩ সভার মাধ্যমে প্রবিধি'র খসড়া প্রণয়ন করা হয়, যা আগামী টেকনিক্যাল কমিটিতে উপস্থাপন করা হবে। চূড়ান্ত গেজেট নোটিফিকেশনের প্রবিধি জন্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে বলে তিনি সভাকে জানান।

০.২.৩ ৪র্থ GAP স্টিয়ারিং কমিটির ১০.৩ নং সিদ্ধান্তমতে, নির্ধারিত ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি কর্তৃক ২টি সভা আয়োজনের মাধ্যমে বাংলাদেশ উত্তম কৃষি চর্চা (GAP) এর মানদন্ড (মডিউলসমূহ) সূক্ষ্মভাবে পর্যালোচনা করে চূড়ান্ত অনুমোদনের জন্য সচিব, কৃষি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হলে কৃষি মন্ত্রণালয় কর্তৃক গত ৪ জুন ২০২৩ তারিখ বাংলাদেশ উত্তম কৃষি চর্চা (Bangladesh GAP) এর মানদন্ড (মডিউলসমূহ) অনুমোদিত হয়। এ পরিপ্রেক্ষিতে গত ১২ জুন ২৩ স্কিমওনার বাংলাদেশ উত্তম কৃষি চর্চা (Bangladesh GAP) এর অনুমোদিত মানদন্ড সকল স্টেকহোল্ডারগণকে অবহিত করত: স্কিমওনারের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে এবং PARTNER প্রকল্পের অর্থায়নে বাংলাদেশ উত্তম কৃষি চর্চা'র মানদণ্ড (Standards of Bangladesh Good Agricultural Practices) ১.১ ভার্সানে প্রেস প্রিন্টিং করা হবে।

০.২.৪ ৪র্থ GAP স্টিয়ারিং কমিটির ১০.৪ নং সিদ্ধান্তমতে, বিএআরসি হতে প্রেরণকৃত ইন্টার্নাল অডিটর হিসেবে 'ডিএই' এবং এক্সটার্নাল অডিটর হিসেবে বারির ১জন বিজ্ঞানী, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উদ্যানতত্ত্বের ১জন প্রফেসর, ড. আবুল হাসনাত মুহাম্মদ সোলাইমান এবং বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় এর উদ্যানতত্ত্ব বিভাগের প্রফেসর ড. জাহিদুল হাসানকে টেকনিক্যাল কমিটি ও স্টিয়ারিং কমিটির মাধ্যমে মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত পর্যায়ে অনুমোদনক্রমে মনোনীত করা হয়েছে।

০.২.৫ ৪র্থ GAP স্টিয়ারিং কমিটির ১০.৫ নং সিদ্ধান্তমতে, সময়াবদ্ধ GAP কর্মপরিকল্পনার ১৩ নং ক্রমিকের কার্যক্রম অনুসারে মাঠ পর্যায়ে বাংলাদেশ GAP বাস্তবায়নে সার্বিক সহযোগিতার নিমিত্ত সংশ্লিষ্ট NARS প্রতিষ্ঠানসমূহের সংস্থা প্রধান বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

<u>০.৩.০ আলোচ্যসূচি ২ : PARTNER প্রকল্পের (GAP) বাস্তবায়নে ১৫ টি ফসল ও এলাকা চূড়ান্তকরণ:</u>

০.৩.১ টেকনিক্যাল কমিটির ৩য় সভার ৫.২ সিদ্ধান্তমতে, উপস্থাপিত ফসলের উৎপাদন এলাকা, উৎপাদন, বাজার সংযোগ, চাহিদা, উদ্যোগী কৃষক ও ঝুঁকিমুক্ত এলাকা বিবেচনায় PARTNER প্রকল্পের GAP Protocol এর নিমিত্ত নিম্নোক্ত ছক অনুযায়ী ফসল ও এলাকা নির্বাচন করা হয় এবং প্রকল্পের প্রথম বছরের জন্য ফসল ও এলাকা ( ১.আলু: রংপুর, ২.বরবটি: কুমিল্লা , ৩.বেগুন: নরসিংদী, ৪.পটল: যশোর ও ৫.কাচাঁ মরিচ: বগুড়া, ৬.আম: চাঁপাইনবাবগঞ্জ, ৭.কাঠাঁল: ময়মনসিংহ ও ৮.পেয়ারা: রাজশাহী) সহ ৯.করলা: মানিকগঞ্জ, ১০.লাউ: ঢাকা ধামরাই, ১১.কচুরলতি: জয়পুরহাট, ১২.কাঁচাপেপে:পাবনা, ১৩.চিচিঙ্গা: চট্টগ্রাম, ১৪.জারালেবু: মৌলভীবাজার, ১৫.আনারস: টাঙ্গাইল মোট ১৫ টি ফসলকে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করা হয়েছে মর্মে জানানো হয়। উল্লিখিত ফসলের ক্ষেত্রে কাঁচামরিচের পরিবর্তে বাঁধাকপি এবং করলার এলাকার ক্ষেত্রে মানিকগঞ্জের পরিবের্তে মৌলভীবাজারকে অন্তর্ভুক্ত করতে সভায় প্রস্তাব করা হয়।

০.৩.২ টেকনিক্যাল কমিটির ৩য় সভার ৫.৩ নং সিদ্ধান্তমতে, কারিগরি কমিটি কর্তৃক প্রস্তুতকৃত মাঠ/ফার্ম পর্যায়ে GAP বাস্তবায়নে মাটি ও পানির প্যারামিটারসমূহের মধ্যে যেগুলো অবশ্যই করণীয় সেগুলোর মন্তব্য কলামে অত্যাবশকীয় লিখে স্টিয়ারিং কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত হয়। টেকনিক্যাল কমিটির ৩য় সভার ৫.৪নং সিদ্ধান্তমতে, বিএসিবি এর অফিস সেটআপসহ Accereditation ও অন্যান্য কার্যক্রম এর জন্য PARTNER প্রকল্পের ডিএইর অংশের সাথে সমন্বয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। টেকনিক্যাল কমিটির ৩য় সভার ৫.৬ নং সিদ্ধান্তমতে, GAP Protocol এর নিমিত্ত চিহ্নিত এলাকাসমূহ GAP সংক্রান্ত যেকোন প্রশিক্ষণ বাস্তবায়নে অগ্রাধিকার প্রদানের বিষয়ে আলোচনা হয়।

০.৩.৩ টেকনিক্যাল কমিটির ৩য় সভার ৫.৭ নং সিদ্ধান্তমতে, সার্টিফিকেশন মার্ক/লোগো ট্রেডমার্ক পুনঃআবেদনের নিমিত্ত সার্টিফিকেশন মার্ক ব্যবহারের প্রবিধি/বিধি/ গাইড লাইন তৈরির জন্য বিএআরসি, ডিএই, বিএসটিআই এর সংশ্লিষ্ট কর্মকর্তার সমন্বয়ে কমিটি গঠন করা এবং প্রবিধি প্রস্তুতপূর্বক গেজেট নোটিফিকেশনের জন্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং ৫.৮ নং সিদ্ধান্তমতে, দ্রুততম সময়ের মধ্যে স্টিয়ারিং কমিটি'র সভা আহবান করে সিদ্ধান্তসমূহ চূড়ান্তকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০.৪.০ আলোচ্যসূচি ৩ : ফার্ম বা মাঠ পর্যায়ে GAP বাস্তবায়নে মাটি ও পানির প্যারামিটার অনুমোদন:

০.৪.১ এ পরিপেক্ষিতে গঠিত (০২) টি পৃথক কারিগরি কমিটি কর্তৃক ৪ টি সভার মাধ্যমে প্যারামিটার নির্ধারণ করা হয়। মাটি ও পানি পরীক্ষার প্যারমিটারের মানমাত্রা সম্বলিত প্রতিবেদন টেকনিক্যাল কমিটিতে উপস্থাপিত হয়। কারিগরি কমিটি কর্তৃক প্রস্তুতকৃত ফার্ম বা মাঠ পর্যায়ে GAP বাস্তবায়নে মাটি ও পানির প্যারামিটারসমূহের মধ্যে যেগুলো অবশ্যই করণীয় সেগুলোর মন্তব্য কলামে অত্যাবশকীয় লিখে স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন করা হয়। এ পরিপ্রেক্ষিতে মাটি পরিক্ষার ক্ষেত্রে দেখা যায়, রাসায়নিক প্যারামিটার হিসেবে মোট ১০টি প্যারামিটারের নাম, একক, ক্রান্তিমান বা ক্রিটিক্যাল মান এবং পরিমিত মাত্রা উপস্থাপন করা হয়েছে। উপস্থাপিত প্যারামিটারসমূহ হচ্ছে পিএইচ (PH), বিদ্যুৎ পরিবাহিত (EC), জৈব পদার্থ (OC), নাইট্রোজেন (N), ফসফরাস (P), পটাশিয়াম (k), সালফার (S), জিংক (Zn), বোরন (B), ম্যাগনেশিয়াম (Mg)।

০.৪.২ GAP বাস্তবায়নে ফার্ম/মাঠ পর্যায়ে মাটি ও পানি পরীক্ষার প্যারামিটার অনুমোদন প্রতিবেদন উপস্থাপনের পর অতিরিক্ত সচিব (উপকরণ ও সার ব্যবস্থাপনা মনিটরিং) পানির ক্ষেত্রে ভারীধাতু হিসেবে শুধুমাত্র আর্সেনিক ($A_S$) অন্তর্ভুক্ত করা হয়েছে , মাটির ন্যায় কেন আরও বেশি প্যারামিটার অন্তর্ভুক্ত করা হয়নি জানতে চাইলে ড. যাকীয়াহ রহমান মনি, পিএসও (পুষ্টি) ও সদস্য-সচিব GAP ইউনিট বলেন, পানির জন্য সেচকার্য এবং প্যাকহাউজে ব্যবহারের নিমিত্ত আলাদা আলাদা মানমাত্রা কমিটি কর্তৃক নির্ধারণ করা হয়েছে এবং প্যাকহাউজে ব্যবহারের জন্য সুপেয় পানির মানমাত্রা অন্তর্ভুক্ত হবে।

০.৪.২ ড. দেলোয়ার হোসেন প্রধান, এসএসও, কীটতত্ত্ব বিভাগ, বারি/ বারির প্রতিনিধি বলেন যে, উৎপাদিত প্রোডাক্টে ক্লোরিনের বিষয়ে ইউরোপের দেশসমূহ থেকে জানতে চায়। মাটি ও পানি তে পেস্টিসাইড সহজেই ছড়িয়ে যেতে পারে বিধায় পেস্টিসাইডসমূহ না দেখা হলে এ বিষয়গুলো নিশ্চিত করা সম্ভব নয়।

০.৪.৩ ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন জানান যে, গ্লোবাল GAP, ভিয়েতনাম GAP এ মাটি ও পানির কী কী প্যারামিটার পরিক্ষা করা হয় তা পর্যালোচনাপূর্বক বাংলাদেশ GAP এর মাটি ও পানির প্যারামিটার নির্ধারণ হওয়া আবশ্যক। এছাড়াও পানির ক্ষেত্রে হেবিমেটাল পানি, আর্সেনিক Microbial Hazard ( যেমন: *e. cholai*) দেখা দরকার।

০.৪.৪ ডিজি, ডিএই বলেন যে, গ্লোবাল GAP এ যে কয়টি প্যারামিটার আছে বাংলাদেশ GAP এ মাটি ও পানি পরীক্ষার প্যারামিটার যেন তার বেশি না হয়। ড. সালাম , সদস্য সচিব বলেন যে, Global Exporter এর চাহিদা অনুযায়ী মাটি ও পানি প্যারামিটার পরীক্ষা করা হবে।

০.৪.৫ অতিরিক্ত সচিব (উপকরণ ও সার ব্যবস্থাপনা মনিটরিং) বলেন যে, অর্গানো ক্লোরিনসহ ১২ টি পপসে হিউম্যান হেলথ পয়েন্ট ভিউয়ে মাটি ও পানি পরীক্ষার প্যারামিটার নির্ধারণ হওয়া উচিৎ। এখানে উপস্থাপিত প্যারামিটারসমূহের মধ্যে আর্সেনিক ছাড়া অন্য ভারী ধাতুগুলো বিবেচনা করা হয়নি। তাই পরিবেশ মন্ত্রণালয়ের নীতিমালা BADC, FAO গাইডলাইনসমূহ অনুসরণ করে Ground Water প্যারামিটারসমূহ নির্ধারণ হওয়া আবশ্যক। ড. সালাম , সদস্য সচিব বলেন যে, সেচকার্যে ব্যবহৃত পানি বাংলাদেশ উত্তম কৃষি চর্চা (GAP) এর মানদন্ড অনুযায়ী পরীক্ষা করা হবে। বাংলাদেশের ঝুঁকি বিবেচনায় গঠিত কারিগরি কমিটি কর্তৃক পানি'র ক্ষেত্রে আর্সেনিক ($A_S$)-কে বিবেচনা করা হয়েছে।

০.৪.৬ প্রতিনিধি, Bangladesh Fruits, Vegetable and Allied Products Exporter's Association (BFVAPEA) বলেন, নিরাপদ খাদ্য উৎপাদনের ক্ষেত্রে *Salmonella* ব্যাক্টেরিয়াকে গুরুত্ব দেয়া উচিত। এ বিষয়ে জনাব সফিউজ্জামান বলেন, সার্বিক কলিফর্ম অন্তর্ভুক্ত প্যারামিটারে রাখা হয়েছে যাতে সকল জীবানু অন্তর্ভুক্ত থাকবে।

০.৪.৭ অতিরিক্ত সচিব (পিপিসি) বলেন যে, অভ্যন্তরীণ চাহিদাপূরণে, রপ্তানিবাজারে GAP এর সাফল্যজনক বাস্তবায়নে ক্যামিক্যাল ঝুঁকি, বায়োলজিক্যাল ঝুঁকি, অর্থনৈতিক ঝুঁকির বিষয় বিবেচনা করা দরকার।

০.৪.৮ ক্যাবের সভাপতি বলেন যে, রপ্তানি বাজার এবং দেশের অভ্যন্তরে জনগনের স্বাস্থ্য রক্ষায় অবশ্যই ঝুকিঁসমূহ বিবেচনা করা দরকার ।

০.৪.৯ সভায় টেকনিক্যাল কমিটিতে উপস্থাপনকৃত এবং সুপারিশকৃত প্যারামিটারসমূহ অনুমোদন করা যেতে পারে এবং প্রয়োজন অনুযায়ী পরবর্তীতে সংযোজন বিয়োজন করা যাবে মর্মে সভায় একমত প্রকাশ করা হয়।

০.৫.০ আলোচ্যসূচি ৪ : BADC এর ফসলভিত্তিক নম্বর অনুমোদন:

০.৫.১ BACB-এর ফসলভিত্তিক নম্বর অনুমোদন উপস্থাপনের ক্ষেত্রে উপ-পরিচালক (হর্টিকালচার উইং), ডিএই বলেন, ফসল ভিত্তিক নম্বর নির্বাচনের ক্ষেত্রে একটি স্টেকহোল্ডার সভা/কর্মশালা আয়োজন করে চূড়ান্ত করা হবে যা সার্টিফিকেশন ও টেকনিক্যাল কমিটিতে উপস্থাপনের পর পরবর্তী স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন করা হবে। বিএসিবি অগ্রগতি উপস্থাপনকালে প্রতিনিধি, বিএবি বলেন এ্যাক্রিডেশন প্রক্রিয়ার জন্য চাহিদা মোতাবেক ডকুমেন্ট প্রণয়ন করা প্রয়োজন। এ প্রসঙ্গে সভাকে জানানো হয় যে, বিএবি হতে বিএসিবি চেকলিষ্ট সংগ্রহ করেছে। ইতোমধ্যে আটটি ডকুমেন্টের (ফরম, ফরমেট, ম্যানুয়াল) মধ্যে ৫টির খসড়া প্রণয়ন করা হয়েছে এবং বাকি ৩টি প্রণয়নের কাজ চলমান রয়েছে ; PARTNER প্রকল্পের মাধ্যমে কনসাল্টিং ফার্ম নিয়োগ করে খসড়া ডকুমেন্টগুলো চূড়ান্ত করা হবে । এ বিষয়ে ক্যাবের সভাপতি বলেন যে,দেশের অর্থনীতির স্বার্থে বৃহৎ স্টেকহোল্ডারের পজেটিভ ইন্টারেস্টে কনসাল্টিং ফার্ম নিয়োগ করা আবশ্যক। এ প্রসঙ্গে অতিরিক্ত সচিব (পিপিসি) ডকুমেন্ট প্রণয়ন প্রক্রিয়া সম্পন্ন করতে সময় জানতে চাইলে আগামী ১ মাসের মধ্যে সকল ডকুমেন্টের খসড়া প্রণয়নের কাজ শেষ করা সম্ভব হবে মর্মে ডিএইর সংশ্লিষ্ট প্রতিনিধি জানান।

০.৬.০ আলোচ্যসূচি ৫ : বিবিধ :

০.৬.১ অদ্যবধি PARTNER প্রকল্পের অর্থ ছাড় হয়নি মর্মে সভাকে অবহিত করা হয় । এ প্রসঙ্গে সভাপতি PARTNER প্রকল্পের অর্থ ছাড়ের বিষয়ে হালনাগাদ তথ্য জানতে চাইলে অতিরিক্ত সচিব (পরিকল্পনা), কৃষি মন্ত্রণালয় জানান যে , অর্থ ছাড় সংক্রান্ত জটিলতা নিরসন হওয়ায় আগামী ১৫ দিনের মধ্যে অর্থ প্রাপ্তি সম্ভব হবে ।

০.৬.২ আলোচনায় PARTNER প্রকল্পের আওতায় GAP বাস্তবায়নে GAP ফ্যাসিলিটি/প্যাকহাউজ/মডেল ফার্ম/ তৈরির বিষয়ে আলোচনা ও কমিটি গঠনের প্রস্তাবনায় মহাপরিচালক, বারি উক্ত কমিটি'তে বারির প্রতিনিধি অন্তর্ভুক্ত করার সুপারিশ করেন। ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন মডেল ফার্ম বা প্যাকহাউজ হর্ট্রেক্স ফাউন্ডেশনের সাথে সম্পৃক্ত থাকায় কমিটিতে হর্ট্রেক্স ফাউন্ডেশনের প্রতিনিধি অন্তর্ভুক্ত করার সুপারিশ করেন। মহাপরিচালক, ডিএই বলেন যেহেতু সংশ্লিষ্ট জেলায় এবং ডিএই মাধ্যমে উক্ত কার্যক্রমটি বাস্তবায়ন করা হবে সেহেতু সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ( কৃষি সম্প্রসারণ) কে কমিটিতে কো-অপট করার বিধান রাখা আবশ্যক ।

০.৭.০ সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

০.৭.১ PATNER প্রকল্পের অর্থায়নে বাংলাদেশে উত্তম কৃষি চর্চা বাস্তবায়নের লক্ষ্যে GAP প্রটোকল প্রণয়নের নিমিত্ত টেকনিক্যাল কমিটির সুপারিশের ভিত্তিতে নিম্নোক্ত ১৫টি ফসল (১০টি সবজি ও ৫টি ফল) ও এলাকাকে অনুমোদন প্রদান করা হয়।

| ক্র. নং | নাম | জেলা |
|---|---|---|
| | **সবজি** | |
| ১। | আলু | রংপুর |
| ২। | বরবটি | কুমিল্লা |
| ৩। | বেগুন | নরসিংদী |
| ৪। | পটল | যশোর |
| ৫। | করলা | মৌলভীবাজার |
| ৬। | বাধাকপি | বগুড়া |
| ৭। | লাউ | ঢাকা (ধামরাই) |
| ৮। | কচুরলতি | জয়পুরহাট |
| ৯। | কাঁচাপেপে | পাবনা |
| ১০। | চিচিঙ্গা | চট্টগ্রাম |
| | **ফল** | |
| ১। | আম | চাঁপাইনবাবগঞ্জ |
| ২। | কাঁঠাল | ময়মনসিংহ |
| ৩। | আনারস | টাঙ্গাইল |
| ৪। | পেয়ারা | রাজশাহী |
| ৫। | জারালেবু | মৌলভীবাজার |

০.৭.২ GAP বাস্তবায়নে ফার্ম/মাঠ পর্যায়ে মাটি ও পানি পরীক্ষার প্যারামিটারসমূহ প্রয়োজন অনুসারে পরীক্ষা করতে হবে মর্মে অনুমোদন দেওয়া হলো।

০.৭.৩ GAP এর ফসল ভিত্তিক নম্বর প্রণয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট স্টেকহোল্ডার সভার মাধ্যমে চূড়ান্ত করে পরবর্তি স্টিয়ারিং কমিটির সভায় বিএসিবি কর্তৃক উপস্থাপন করতে হবে।

০.৭.৪ চেকলিস্ট অনুযায়ী বিএসিবি কর্তৃক আগামী ১ (এক) মাসের মধ্যে সকল ফরম, ফরম্যাট ও ম্যানুয়াল প্রণয়ন করতে হবে।

০.৭.৫ PARTNER প্রকল্পের আওতায় GAP বাস্তবায়নে GAP ফ্যাসিলিটি/প্যাকহাউজ/মডেল ফার্ম/ তৈরির নিমিত্ত নিম্নবর্নিত ৭ (সাত) জন কর্মকর্তার সমন্বয়ে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলো। সংশ্লিষ্ট কমিটিতে জেলার উপপরিচালক, ডিএই ও মনোনীত অন্যান্য সংস্থার সদস্যকে কো অপট করা যাবে।

| | | |
|---|---|---|
| ১। | সদস্য পরিচালক (শস্য) ও আহবায়ক (GAP ইউনিট), বিএআরসি | আহবায়ক |
| ২। | আহবায়ক (GAP ইউনিট), ডিএই | সদস্য |
| ৩। | নির্বাহী প্রকৌশলী, বিএআরসি | সদস্য |
| ৪। | প্রতিনিধি (বারি) | সদস্য |
| ৫। | নির্বাহী প্রকৌশলী, বিএডিসি | সদস্য |
| ৬। | প্রতিনিধি (হর্টেক্স ফাউন্ডেশন) | সদস্য |
| ৭। | সদস্য সচিব, GAP ইউনিট, বিএআরসি | সদস্য-সচিব |

০.৮.০ আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ওয়াহিদা আক্তার
সচিব
কৃষি মন্ত্রণালয়

পরিশিষ্ট-'ক'

## বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০ বাস্তবায়নে স্টিয়ারিং কমিটির ৫ম সভায় উপস্থিত কর্মকর্তাগণ

সভার তারিখ ও সময় : [illegible]/১০/২০২৩ খ্রি:, বেলা ২.৩০ টা

সভার স্থান : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

| ক্র:নং | কর্মকর্তার নাম ও পদবী | মন্ত্রণালয়/সংস্থার নাম | মোবাইল ও ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | মো: রুহুল আমিন, [illegible], অতি: সচিব | | | |
| ২. | আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি, চেয়ারম্যান | বিএডিসি | 01716879227 | |
| ৩. | মাহবুবুর রহমান, মহাপরিচালক (অতি: সচিব) [illegible] | [illegible] | 01716453330 | |
| ৪. | মো: মাহবুবুল হক পাটওয়ারী, অতি: সচিব | কৃষি মন্ত্রণালয় | 01712401556 | |
| ৫. | শাহ মো: হেলাল উদ্দীন, অতি: সচিব, MOA | | [illegible] | |
| ৬. | মো: আবু জুবায়ের হোসেন, যুগ্মসচিব ও ডিজি (চ:দা:) MOA | | | |
| ৭. | ড. মো: মাহমুদুর রহমান, যুগ্ম সচিব | কৃষি মন্ত্রণালয় | 01762561299 | |
| ৮. | মোসাম্মাৎ জোহরা খাতুন, যুগ্মসচিব | কৃষি মন্ত্রণালয় | 01711-107791 | |
| ৯. | সৈয়দ মিজানুর রহমান | CAB | 01715004484 | |
| ১০. | মোহাম্মদ [illegible] | DAE | 01703859648 | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | ড. যাকীয়াহ রহমান মনি<br>পিএসও (মৃত্তিকা) ও<br>সদস্য সচিব (GAP ইউনিট)<br>বিএআরসি | বিএআরসি | 01712-634352<br>zakiah@barc.gov.bd | ৩০/১০/২৩ |
| ১২. | হাবিব বিন জাহিদ<br>উপ পরিকল্পনা ও মূল্যায়ন<br>কর্মসূচি, [illegible] | [illegible] | 01962379608<br>habibbau@gmail.com | 30.10.23 |
| ১৩. | মো: মাহবুবুর রহমান<br>পরিচালক (গবেষণা), ঐ | বিএবি | 01716-197030<br>mahbub@bab.gov.bd | |
| ১৪. | রজনী কান্ত রঞ্জন<br>সহকারী পরিচালক | ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর | 01674282103 | |
| ১৫. | কাজী কাইমুল ইসলাম<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও<br>ফোকাল পয়েন্ট, GAP, SRDI | এসআরডিআই | 01716684946<br>kaimul.ksm@gmail.com | |
| ১৬. | আবু মোহাঃ শামছী<br>পরিচালক এসসিএ<br>গাজীপুর | বীজ প্রত্যয়ন এজেন্সী | 01710945477<br>director@sca.gov.bd | |
| ১৭. | ড. মোহাম্মদ দেলোয়ার হোসেন প্রধান, সিএসও<br>বীজ প্রযুক্তি বিভাগ | বারি, গাজীপুর | 01819849857<br>mdhprodhan@gmail.com | |
| ১৮. | ড. শাহ মো: মনির হোসেন<br>মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (কৃষি)<br>ও সদস্য GAP ইউনিট BARC | বিএআরসি | 01712-536925<br>monirsmh@yahoo.com | ৩০/১০/২৩ |
| ১৯. | মোঃ মনজুরুল ইসলাম | BFVAPEA<br>বাং. ফলমূল সবজি ও সংশ্লিষ্ট পণ্য রপ্তানিকারক সমিতি | 01776434339<br>monjurulislam100@yahoo.com | |
| ২০. | ড. মির্জা মোফাজ্জল ইসলাম<br>মহাপরিচালক | বিনা | 01716-280724<br>dg@bina.gov.bd | |
| ২১. | মোঃ জালাল উদ্দীন<br>মহাপরিচালক | এসআরডিআই | 01742179622<br>mdjalaluddin67@gmail.com | |
| ২২. | ড. সৈয়দ মো: রফিকুল আমীন<br>নির্বাহী পরিচালক | হর্টেক্স ফাউন্ডেশন | 01731300387<br>hortex@hortex.org | |
| ২৩. | ড. দেবাশীষ সরকার<br>মহাপরিচালক | বারি | 02932-298160 | |
| ২৪. | প্রফেসর মোঃ নূরুল ইসলাম | | 01823213152 | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫. | মো: আব্দুল ওয়াদুদ<br>নির্বাহী পরিচালক | বারটান<br>- | | [signature] |
| ২৬. | মো: মাসুদ করিম<br>উপপরিচালক, DAM | DAM<br>কৃষি বিপণন অধিদপ্তর | | [signature] |
| ২৭. | কাজল চন্দ্র বিশ্বাস<br>ডিডি | ডিএই | | [signature] |
| ২৮. | | | | |
| ২৯. | | | | |
| ৩০. | | | | |
| ৩১. | | | | |
| ৩২. | | | | |
| ৩৩. | | | | |
| ৩৪. | | | | |
| ৩৫. | | | | |
| ৩৬. | | | | |
| ৩৭. | | | | |
| ৩৮. | | | | |